"শতবর্ষে জাতির পিতা, সুবর্ণে স্বাধীনতা
অভিবাসনে আনবো মর্যাদা ও নৈতিকতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
৮৯/২, কাকরাইল, ঢাকা।
প্রশাসন শাখা
www.bmet.gov.bd

## মার্চ /২০২২ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ খায়রুল আলম (যুগ্মসচিব)
অতিরিক্ত মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো

তারিখ : ২০/০৩/২০২২ খ্রিঃ, সকাল ১০.০০ টা

সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

**উপস্থিতির তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।**

সভার সূচনালগ্নে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে সকলকে নিষ্ঠা, সততা ও দক্ষতার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহবানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহবান জানান।

০২। বিগত ফেব্রুয়ারি/২০২২ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয় এবং সভার আল্যেচ্য সূচি অনুসারে বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম: | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | | (৪) |
| ০১। | প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম: | ১.১ | • (APA & NIS) বাস্তবায়নঃ APA/NIS এর কর্মসম্পাদন সূচক অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্টদের সচেষ্ট হওয়ার নির্দেশনা প্রদান করা হয়। | ১। পরিচালক (সকল)<br>২। প্রকল্প পরিচালক(সকল)<br>৩। ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA & NIS) |
| | | ১.২ | • পদোন্নতি, নিয়োগ সংক্রান্ত চলমান মামলাগুলোর বিষয়ে সক্রিয়ভাবে যোগাযোগের মাধ্যমে তথ্য উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | | ১.৩ | • STEP এর সহায়তায় Leads Corporation কর্তৃক Development Human Research Managment Enhancement অনুযায়ী PDS বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন ও অর্থ) |
| | সাধারন সেবা : | ১.৪ | • বিএমইটি'র সিস্টেম এনালিস্ট ও আইটি অভিজ্ঞদের সমন্বয় করে নতুন প্রযুক্তি সমৃদ্ধ কম্পিউটার/কম্পিউটার সামগ্রী সর্বোচ্চ স্বচ্ছতায় ক্রয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। সহকারী পরিচালক (সাধারণ সেবা)। |
| | | ১.৫ | • বিএমইটি'র সম্মেলন কক্ষে জুম মিটিং এর জন্য ওয়েব ক্যামেরা এবং ০২(দুই) টি স্মার্ট বোর্ড একসাথে টেন্ডার দিয়ে পরবর্তী অর্থ বছরে বাজেট প্রাপ্তিতে কেনার সিদ্ধান্ত হয়।<br>• চলমান অর্থ বছরের বাজেট দিয়ে ৬ষ্ঠ তলার ইনোভেশনের সিদ্ধান্ত হয়। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। সহকারী পরিচালক (সাধারণ সেবা)<br>৩। টেকনিক্যাল অফিসার |
| | | ১.৬ | • বহির্গমন শাখার ডাটাশীটগুলো এক মাস সংরক্ষণের পর আউটসোর্সিং/ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড/ নিজস্ব জনবল দিয়ে স্ক্যানিং করে ডিজিটালাইজড করার পর ডাটাশীটগুলো বাতিল করার বিষয়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (সাধারণ সেবা) |
| | আইটি শাখা: | ১.৭ | • বিএমইটি'র সার্ভার এর বিষয়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• বিএমইটি'র সার্ভার এর বিষয়ে সভায় সার্ভার এর মেইনটেন্যান্স, পাসওয়ার্ড, ব্যবহারকারী সংক্রান্ত সকল তথ্য উপস্থাপনের সিদ্ধান্ত হয়। | সিস্টেম এনালিস্ট |
| ০২। | বহির্গমন শাখার কার্যক্রমঃ | ২.১ | • যে সকল রিক্রুটিং এজেন্সি সৌদিআরব এবং দুবাই বেশি কর্মী প্রেরণ করছেন তাদেরকে নিয়ে একটি অনলাইন সভা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (বহির্গমন ও প্রটোকল) |
| | | ২.২ | • One Stop Service এর মাধ্যমে বহির্গমন ছাড়পত্র প্রদানের ক্ষেত্রে ১ জন উপপরিচালক পর্যায়ের কর্মকর্তা উপস্থাপন করবেন এবং এটি পরিচালক (বহির্গমন) পর্যায়ে নিষ্পত্তির বিষয়ে মহাপরিচালক মহোদয়ের সাথে আলোচনা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (বহির্গমন ও প্রটোকল) |

| ক্রম: | আলোচ্যসূচি | | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩। | বিমান বন্দরের কার্যক্রমঃ | ৩.১ | • বিমানবন্দরের কল্যাণ ডেস্কে কি কি সেবা দেওয়া হয় এবং অতিরিক্ত আরও কি কি সেবার কার্যক্রম বাড়ানো যায় সে বিষয়ে পর্যালোচনা করে সহকারী পরিচালক প্রবাসী কল্যাণ ডেস্ক হতে পত্র পাওয়ার পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | ১। পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২। পরিচালক (বহির্গমন ও প্রটোকল)<br>৩। সহকারী পরিচালক (প্রবাসী কল্যাণ ডেস্ক) |
| ০৪। | কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ | ৪.১ | • সকল রিক্রুটিং এজেন্সির হালনাগাদ তথ্য RAIMS এ আপলোড করার বিষয়ে বায়রাকে পত্র দেওয়া হয়েছে। RAIMS এর আওতায় কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (কর্মসংস্থান) |
| | | ৪.২ | • রিক্রুটিং এজেন্সির আইনগত বিষয়ে কোনো সুস্পষ্ট নির্দেশনা না থাকলে একটি সভা আহবান করে তা সুস্পষ্ট করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (কর্মসংস্থান) |
| | | ৪.৩ | • রিক্রুটিং এজেন্সির লাইসেন্স প্রদানের বিষয়ে অভিজ্ঞতা, যোগ্যতা, এলাকাভিত্তিক তথ্য, পরিবারের অন্য কোনো সদস্যদের নামে অন্য কোনো লাইসেন্স আছে কিনা সে বিষয়গুলো যাচাইপূর্বক লাইসেন্স প্রদানের বিষয়ে সিদ্ধান্ত হয়।<br>• বছরে কতগুলো রিক্রুটিং এজেন্সির লাইসেন্স প্রদান করা হয় এবং সর্বোর্চ্চ কতটি লাইসেন্স প্রদান করা হবে সে বিষয়ে নথি হাইলাইট করে উপস্থানের সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (কর্মসংস্থান) |
| | | ৪.৪ | • যে সকল রিক্রুটিং লাইসেন্স লক/বন্ধ অবস্থায় আছে সেগুলো Open করা বা স্থগিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়।<br>• রিক্রুটিং এজেন্সির হালনাগাদ তথ্য সিস্টেম অ্যানালিস্টকে প্রদান/নিজ উদ্যোগে গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১।পরিচালক (কর্মসংস্থান)<br>২। সিস্টেম এনালিস্ট |
| ০৫। | প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ | ৫.১ | • NTVQF/RPL এর আওতায় ৩৬০ ঘন্টার কোর্সের মেয়াদ ৪-৫ মাস করা যায় কি-না এ সংক্রান্ত একটি প্রস্তাব প্রশাসনিক মন্ত্রণালয়ের মতামতের পর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। উপপরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ৫.২ | • টিটিসি/আইএমটি সমূহে প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ ফি ১১০০ টাকা হতে কমিয়ে ৫০০ টাকা করার প্রস্তাব দেওয়া হয়। উক্ত প্রশিক্ষণ ফি প্রশিক্ষর্ণার্থী দিতে না পারলে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে বরাদ্দ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। প্রশাসনিক মন্ত্রণালয়ের মতামত পাওয়া গেলে পরবর্তী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ৫.৩ | • বিএমইটি'র মাসিক অগ্রগতি প্রতিবেদনের একটি ফরমেট টিটিসি/আইএমটিসমূহে প্রদানে সিদ্ধান্ত হয়। ফরমেট অনুযায়ী পরবর্তী সমন্বয় সভার পূর্বেই টিটিসি/আইএমটিসমূহের অধ্যক্ষগণ অগ্রগতি প্রতিবেদন দাখিল করবেন। পরবর্তী সমন্বয় সভায় প্রতিবেদনটি উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। উপপরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ৫.৪ | • PDO কোর্সে ILO এর মডিউল নিয়ে কতগুলা টিটিসি/আইএমটিতে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে তা পর্যবেক্ষণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>• PDO কোর্স যে কোন জেলার বাসিন্দা যে কোন সময় যে কোন স্থানে করতে পারবে। PDO কোর্সের সনদের মেয়াদ থাকবে ৩ মাস। ৩ মাস পর আবার PDO কোর্স করতে পারবে।<br>• ডিইএমগুলোতে পরিচালিত PDO কোর্সের সার্টিফিকেটে স্বাক্ষরের বিষয়ে মহাপরিচালক মহোদয়ের মতামতের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ৫.৫ | • টিটিসি/আইএমটিসমূহে প্রশিক্ষণার্থীদের কোর্স সমাপনী সনদ Online থাকবে যা প্রশিক্ষণার্থী ডাউনলোড করে প্রিন্ট করতে পারবে। এ সংক্রান্ত সকল তথ্য টিটিসি/আইএমটি'র ওয়েবসাইটে থাকবে। | পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| | | ৫.৬ | • ILO আগামী মিটিং-এ সকল উইং এর কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত হওয়ার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) |
| ০৬। | '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ | ৬.১ | • '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পটি দ্রুত বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়।<br>• '৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পটির নকশা চূড়ান্ত করার বিষয়ে স্থাপত্য অধিদপ্তরের সাথে উপপরিচালক (প্রশিক্ষন) জনাব জাহাঙ্গীর হোসেন যোগাযোগ অব্যাহত রাখবেন। | উপপরিচালক (প্রশি:) জনাব জাহাঙ্গীর হোসেন |

| ক্রম: | আলোচ্যসূচি | সিদ্ধান্ত | | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৭। | **প্রকল্পসমূহের কার্যক্রমঃ** | ৭.১ | • '৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পসহ চীফ ইন্সট্রাক্টর হতে সদ্য পদায়নকৃত অধ্যক্ষদের নিয়ে ২দিন ব্যাপি ওয়ার্কশপ করার সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আলোচক থাকবেন পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা), প্রকল্প পরিচালক, পুরাতন টিটিসি'র অধ্যক্ষগণ, পাশ্ববর্তী টিটিসি' অধ্যক্ষগণ। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। প্রকল্প পরিচালক (৪০ টিটিসি) |
| | | ৭.২ | • মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক নতুন টিটিসিগুলো সম্ভাব্য উদ্বোধন করার বিষয়ে পূর্বপ্রস্তুতি হিসাবে সংশ্লিষ্ট জেলার ডিইএমও এবং শিক্ষানবিসি দপ্তর, টিটিসি'র অধ্যক্ষ, পার্শ্ববর্তী টিটিসি'র অধ্যক্ষ, ঠিকাদার, প্রকল্প পরিচালক, পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) সমন্বয়ে চেক লিস্ট করে একটি অনলাইন সভা করার সিদ্ধান্ত হয়। | ১। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা)<br>২। প্রকল্প পরিচালক (৪০ টিটিসি) |
| ০৮। | **অনিষ্পন্ন বিষয়ঃ** | ৮.১ | • বিএমইটির প্রতিটি শাখার ই-ফাইলিং দ্রুত কার্যকর করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। পরিচালক (সকল)<br>২। উপপরিচালক (প্রশাসন ও অর্থ) |

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৩/২০২২

(মীর খায়রুল আলম)
যুগ্মসচিব
অতিরিক্ত মহাপরিচালক
ফোন:০২-৪৮৩২১৯৪৯ (অফিস)
Email: adgemployment@bmet.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ৪৮০ — তারিখ: ২৭/০৩/২০২২ খ্রিঃ।

**অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৪. সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল) ।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. উপপরিচালক (বাজেট ও আইটি), বিএমইটি, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৯. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
১০. সহকারী পরিচালক (সকল) , বিএমইটি, ঢাকা।
১১. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১২. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১৩. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৪. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৫ .মাস্টার নথি/২০২২।